গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলাপ্রশাসকের কার্যালয়, রাঙ্গামাটি পার্বত্য জেলা
(জুডিসিয়াল মুন্সিখানা শাখা)
www.rangamati.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪২.৮৪০০.৪০২.০১.০০৫.২৪. ১১২৮/১

তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪৩১
২৮ নভেম্বর ২০২৪

"গণবিজ্ঞপ্তি"

স্বরাষ্ট্র মন্ত্রণালয়, রাজনৈতিক অধিশাখা-৪ এর স্মারক নম্বর : ৪৪.০০.০০০০.০৭৭.২১.০২৫.২০২১-৪২৮, তারিখ : ২৪.১১.২০২৪ তারিখের নির্দেশনার আলোকে এবং আগ্নেয়াস্ত্র লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা ২০১৬ অনুযায়ী রাঙ্গামাটি পার্বত্য জেলা ম্যাজিস্ট্রেসির আওতায় সকল বৈধ আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারীগণ এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নরুপ সময়সূচী মোতাবেক নির্ধারিত স্থানে ২০২৫ সনের জন্য আগ্নেয়াস্ত্রের লাইসেন্স নবায়ন করা হবে। নির্ধারিত তারিখের মধ্যে উপস্থিত হয়ে আগ্নেয়াস্ত্রের লাইসেন্স নবায়ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়নের স্থান ও সময়সূচী:

ক্রম:	উপজেলার নাম	লাইসেন্স নবায়নের তারিখ	সময়	নবায়নের স্থান	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
০১.	রাঙ্গামাটি পার্বত্য জেলাধীন সকল উপজেলা ও পৌরসভাসমূহ	০১.১২.২০২৪ খ্রি. হতে ৩১.১২.২০২৪ খ্রি. পর্যন্ত	সকাল ১০.০০ টা হতে বিকাল ৪.০০ টা	জেলা প্রশাসকের কার্যালয়, জুডিসিয়াল মুন্সিখানা শাখা	সহকারী কমিশনার, জুডিসিয়াল মুন্সিখানা শাখা

লাইসেন্স নবায়ন ফি নিম্নরুপ :

লাইসেন্সধারী	লাইসেন্সের ধরণ	বাসৎসরিক লাইসেন্স নবায়ন ফি	লাইসেন্স ফি'র ১৫% ভ্যাট	লাইসেন্স ফি'র ১০% উৎসে কর	মোট
ব্যক্তি পর্যায়ে	পিস্তল/রিভলবার	১০,০০০/-	১,৫০০/-	১,০০০/-	১২,৫০০/-
	বন্দুক/শটগান/রাইফেল	৫,০০০/-	৭৫০/-	৫০০/-	৬,২৫০/-
আর্থিক প্রতিষ্ঠান বা ব্যাংক পর্যায়ে	লং ব্যারেল	৫,০০০/-	৭৫০/-	৫০০/-	৬,২৫০/-
প্রতিষ্ঠান পর্যায়ে	লং ব্যারেল	১০,০০০/-	১,৫০০/-	১,০০০/-	১২,৫০০/-

লাইসেন্স নবায়ন ফি কোড : ১৪২২১০২, ভ্যাট কোড : ১১৪১১০১, উৎসে কর কোড : ১১১১১০১ নম্বরে সোনালী ব্যাংক লিঃ এর যে কোন শাখায় জমা দিয়ে চালানের মূলকপি লাইসেন্স নবায়নকালে জমা দিতে হবে।

আগ্নেয়াস্ত্রের লাইসেন্স নবায়নের শর্তাবলী :

০১। সনদপ্রাপ্ত (সরকারি গেজেটে বিজ্ঞাপিত) মুক্তিযোদ্ধা ও জাতীয় বেতন স্কেলের ৬ষ্ঠ ও তদুর্ধ্ব গ্রেডভুক্ত চাকুরীরত/অবসরপ্রাপ্ত সরকারি ক্যাডার সার্ভিস কর্মকর্তাদের ক্ষেত্রে পিস্তল/রিভলভার/শটগান/রাইফেল আগ্নেয়াস্ত্রের লাইসেন্স ফি এবং নবায়ন ফি প্রযোজ্য হবে না;

০২। সরকার কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে লাইসেন্স নবায়নে ব্যর্থ হলে জেলা ম্যাজিস্ট্রেটের নিকট নবায়ন না করার সন্তোষজনক ব্যাখ্যাসহ আবেদন করতে হবে;

০৩। জেলা ম্যাজিস্ট্রেট কর্তৃক আবেদন সন্তোষজনক বিবেচিত হলে পুন: লাইসেন্স ফি এর সমপরিমাণ অর্থ আদায়পূর্বক লাইসেন্স নবায়ন করা যাবে;

০৪। আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়নের সময় আবশ্যিকভাবে সংশ্লিষ্ট আগ্নেয়াস্ত্র প্রদর্শন করতে হবে। লাইসেন্সে অন্তর্ভুক্ত আগ্নেয়াস্ত্র থানায় বা অন্য কোন অনুমোদিত স্থানে/প্রতিষ্ঠানে জমা থাকলে নবায়নকালে তার সমর্থনে যথাযথ কাগজপত্র/প্রমানাদি দাখিল করতে হবে;

০৫। লাইসেন্স নবায়নকালে ছেঁড়া কিংবা ব্যবহার অযোগ্য মর্মে পরিলক্ষিত হলে আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারীকে জেলা প্রশাসকের কার্যালয় হতে ডুপ্লিকেট লাইসেন্স গ্রহণের পরামর্শ প্রদান করতে হবে;

০৬। লাইসেন্স ইস্যুর তারিখ হতে ০৫ (পাঁচ) বছর অতিক্রান্ত লাইসেন্সের অনুকূলে অস্ত্র ক্রয় ও লাইসেন্স লিপিবদ্ধ না হয়ে থাকলে সে সকল লাইসেন্সসমূহ নবায়ন করা যাবে না;

০৭। Digital Arms Management System (DAMS)-এর মাধ্যমে অনলাইনে লাইসেন্স নবায়ন করা যাবে, তবে ক্ষেত্র বিশেষে প্রয়োজনবোধে নবায়ন কার্যক্রম ম্যানুয়েল পদ্ধতিতে পরিচালিত হবে;

০৮। লাইসেন্সধারী স্ব-শরীরে উপস্থিত হয়ে শারীরিক ও মানসিক সক্ষমতা নিশ্চিত করবেন। তবে, লাইসেন্সধারী ৮০ বছরের উর্দ্ধে হলে লাইসেন্স নবায়নযোগ্য হবে না।

২৮.১১.২৪

(মোহাম্মদ মোশারফ হোসেন খান)
জেলা ম্যাজিস্ট্রেট
রাঙ্গামাটি পার্বত্য জেলা
ফোন : ০২৩৩৩৩৭১৬৩২, ফ্যাক্স : ০২৩৩৩৩৭১৬০৬
e-mail: dcrangamati@mopa.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪২.৮৪০০.৪০২.০১.০০৫.২৪. ১১২৮/১

তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪৩১
২৮ নভেম্বর ২০২৪

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:-

১। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম

৩। রিজিয়ন কমান্ডার, ৩০৫ পদাতিক ব্রিগেড, রিজিয়ন সদর দপ্তর, রাঙ্গামাটি পার্বত্য জেলা

৪। সেক্টর কমান্ডার, বর্ডার গার্ড বাংলাদেশ, সেক্টর সদর দপ্তর, রাঙ্গামাটি পার্বত্য জেলা

৫। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট (সকল)..জেলা

৬। পুলিশ সুপার, রাঙ্গামাটি পার্বত্য জেলা- কোন আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারী ইতোমধ্যে মৃত্যুবরণ করে থাকলে কিংবা কোন আগ্নেয়াস্ত্রের লাইসেন্স নবায়নে আপত্তি থাকলে সে বিষয়ে প্রতিবেদন প্রেরণের জন্য তাঁকে অনুরোধ করা হলো

৭। প্রশাসক, রাঙ্গামাটি/বাঘাইছড়ি পৌরসভা, রাঙ্গামাটি পার্বত্য জেলা

৮। উপজেলা নির্বাহী অফিসার (সকল)....................................... রাঙ্গামাটি পার্বত্য জেলা

৯। জেলা তথ্য অফিসার, রাঙ্গামাটি পার্বত্য জেলা- তাকে উপরোক্ত বিজ্ঞপ্তিটি জেলা সদরসহ প্রত্যেক উপজেলায় মাইকযোগে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো

১০। অফিসার-ইন-চার্জ (সকল থানা).. রাঙ্গামাটি পার্বত্য জেলা- তাঁর থানাধীন কোন আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারী ফৌজদারী মামলায় সাজাপ্রাপ্ত হলে কিংবা কোন গুরুতর অপরাধের মামলায় চার্জশীটভূক্ত আসামী হলে সে বিষয়ে তিনি যথাসময়ে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করবেন।

১১। সম্পাদক, দৈনিক গিরিদর্পন/দৈনিক রাঙ্গামাটি/দৈনিক পার্বত্য চট্টগ্রাম, রাঙ্গামাটি পার্বত্য জেলা- উপরিউক্ত বিজ্ঞপ্তিটি তার পত্রিকায় জনস্বার্থে সংবাদ হিসেবে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো

১২। সহকারী প্রোগ্রামার- তাকে জেলা প্রশাসকের ওয়েবসাইটে প্রকাশের জন্য বলা হলো

১৩। নোটিশ বোর্ড

২৮.১১.২৪

জেলা ম্যাজিস্ট্রেট
রাঙ্গামাটি পার্বত্য জেলা